Q.No.3. সামাজিক প্রক্রিয়া বলতে কী বোঝ? সামাজিক প্রক্রিয়াগুলি কি কি আলোচনা কর?

Ans:- সামাজিক প্রক্রিয়া হল সমাজের মূল ভিত্তি। সমাজ-জীবনে সংস্কৃতি তৈরি হয় সামাজিক প্রক্রিয়ার মাধ্যমে। সামাজিক সম্পর্ক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে প্রক্রিয়াগুলি। সামাজিক প্রক্রিয়াগুলির মধ্যে কয়েকটি প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হল —।

(১) সহযোগিতা :- সহযোগিতা সামাজিক প্রক্রিয়ার মূল ভিত্তি। সামাজিক জীবনে ব্যক্তি মানুষ মূলত নির্ভরশীল হল সহযোগিতা। সহযোগিতা শব্দটি ইংরেজি "Co-operation" থেকে এসেছে। 'Co' এবং 'operate' শব্দ দুটি যুক্ত হয়েছে, যার অর্থ হল "একসাথে" (Together) এবং "কাজ করা" (to work)। অর্থাৎ একই উদ্দেশ্যে একসাথে কাজ করাকে বলা হয় সহযোগিতা।

(২) প্রতিযোগিতা :- (Competition) → প্রতিযোগিতা হল সামাজিক সংগ্রামের মৌলিক প্রক্রিয়া। এটি হল ব্যক্তি মানুষের জন্য বহু প্রাকৃতিক সংগ্রাম। মানুষের মধ্যে যেসব সুযোগ-সুবিধা সীমাবদ্ধ সেগুলির জন্য প্রতিযোগিতা দেখা দেয়। প্রত্যেক ব্যক্তি নিজের স্বার্থে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। যখন এক ব্যক্তির চেয়ে অন্য ব্যক্তি এগিয়ে যেতে চায় তখন প্রতিযোগিতা দেখা দেয়।

Horton এবং Hunt এর মতে, প্রতিযোগিতা হল এমন একটি প্রক্রিয়া যেখানে সীমিত সম্পদ লাভের জন্য ব্যক্তি বা গোষ্ঠী সংগ্রাম করে।

(৩) দ্বন্দ্ব (Conflict) → সামাজিক প্রক্রিয়ার অন্যতম একটি দিক হল দ্বন্দ্ব বা সংঘাত। দ্বন্দ্ব বা বিরোধ সমাজে থাকে। এটি হল এক বিশেষ প্রক্রিয়া। প্রতিযোগিতা যখন তীব্র হয় তখন তা দ্বন্দ্বে রূপ নেয়।

Gillin এবং Gillin এর মতে, "সংঘাত বা দ্বন্দ্ব হল এমন একটি সামাজিক প্রক্রিয়া যার মাধ্যমে ব্যক্তি বা গোষ্ঠী বিরোধীপক্ষকে হিংসা বা ভীতি প্রদর্শনের মাধ্যমে নিজ উদ্দেশ্য সাধন করতে চায়।"

(৪) অভিযোজন (Accommodation) :- অভিযোজন সামাজিক প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ দিক। দ্বন্দ্বের অবসান ঘটিয়ে সমঝোতার মাধ্যমে পারস্পরিক সহাবস্থান করাকে অভিযোজন বলে। সমাজে বিভিন্ন জাতি, ধর্ম, সম্প্রদায়ের মানুষ একসাথে বসবাস করে। অভিযোজনের মাধ্যমে সমাজে শান্তি বজায় থাকে।

Cont. page - 4